ঢাকা মহানগরীর ও পার্শ্ববর্তী এলাকার জন্য একটি পরকল্পিত ও সমন্বিত আধুনিক পরিবহন ব্যবস্থা গড়ে তোলা এবং ঢাকা মহানগরীর অভ্যন্তরীণ সড়ক নেটওয়ার্ক উন্নয়ন, মহানগরীর প্রবেশ ও নির্গমন মহসড়কের যানজট নিরসন ও আধুনিক গণপরবিহন ব্যবস্থার প্রবর্তনের লক্ষ্যে ২০০৫ সালে ২০ বছর মেয়াদি ‘কৌশলগত পরিবহন পরকিল্পনা’ (Strategic Transport Plan বা STP) প্রণয়ন করা হয়। STP তিন ধাপে [ধাপ-১:২০০৫-২০০৯,ধাপ-২: ২০১০-২০১৪,ধাপ-৩(ক): ২০১৫-২০১৯ এবং ধাপ-৩ (খ):২০২০-২০২৪] বাস্তবায়নের জন্য গ্রহণ করা হয়েছিল। কিন্তু STP ২০০৮ সালে অনুমোদিত হওয়ায় প্রথম ধাপে কোন কাজ করা সম্ভবপর হয়নি।

বর্তমান সরকার ২০০৯ সালে ক্ষমতা গ্রহণের পর STP তে যে-সকল সুপারিশ করা হয়েছে তার মধ্যে অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়নের জন্য প্রকল্প গ্রহণ। একই সাথে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় আরো কতিপয় প্রকল্প গ্রহণ করা হয়। তন্মধ্যে  গাজীপুর থেকে এয়ারপোর্ট পর্যন্ত বাস র‌্যাপিড ট্রানজিট এবং কুড়িল ইন্টারচেঞ্জ নির্মাণ অন্যতম।

পরবর্তীতে সংশোধিত STP (STP 2015) গত ২৯ আগস্ট ২০১৬ তারিখে মন্ত্রিপরিষদ সভায় অনুমোদিত হয়। ঢাকা মহানগরী ও পার্শ্ববর্তী এলাকায় প্রতিদিন প্রায় ৩০ মিলিয়ন ট্রিপ তৈরি হয়। সংশোধিত STP অনুযায়ী ২০২৫ সালে ৪২ মিলিয়ন ট্রিপ এবং ২০৩৫ সালে ৫২ মিলিয়ন ট্রিপ তৈরি হবে। এই বিশাল পরিবহন চাহিদা মেটানোর জন্য সংশোধিত STP তে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী প্রকল্প গ্রহণের সুপারিশ করা হয়েছে। সংশোধিত STP আওতায় পর্যায়ক্রমে ৫টি

Mass Rapid Transit (MRT), ২টি Bus Rapid Transit (BRT), ৩টি রিং রোড, ৮টি রেডিয়াল সড়ক, ৬টি এক্সপ্রেসওয়ে, ২১ টি ট্রান্সপোর্টেশন হাব নির্মাণ করা হবে এবং ট্রাফিক ম্যানেজমেন্ট, রোড সেফটি ব্যবস্থার উন্নয়ন সাধিত হবে ও বাস পরিবহন সেক্টর পুনর্গঠন করা হবে।

কৌশলগত পরিবহন পরিকল্পনা (STP) সংশোধন ও হালনাগাদ করার সময় ২০০৫ সালে প্রণীত Urban Transport Policy এবং Institutional Development Report ও হালনাগাদ করা হয়েছে।

ঢাকা মহানগরী ও পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসন এবাং সমন্বিত পরিবহণ পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের জন্য সংশোধিত STP তে উল্লখিতি যে কোন প্রকল্প সংশ্লিষ্ট সংস্থা বাস্তবায়ন করতে পারবে। তবে সংশোধিত STP এর বাইরে কোন প্রকল্প গ্রহণ করা যাবে না। ঢাকা পরিবহন সমন্বয় র্কতৃপক্ষ আইন-২০১২ অনুযায়ী ঢাকা পরবিহন সমন্বয় কর্তৃপক্ষ এর অধিক্ষেত্রে পরিবহণ সেক্টরে প্রকল্প গ্রহণের সম্মতি প্রদান ও বাস্তবায়ন কার্যক্রম সমন্বয় করে থাকে।

# বিভিন্ন সংস্থা কর্তৃক সংশোধিত এসটিপি বাস্তবায়নে ডিটিসিএ কর্তৃক পর্যবেক্ষণের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০২২-২০২৩

| ক্রম | বিষয় | কর্মপরিকল্পনা | বাস্তবায়নে অগ্রগতি |
|---|---|---|---|
| ০১ | আরএসটিপি বাস্তবায়ন আগ্রগতি বিষয়ক সভা | আরএসটিপি-তে উল্লেখিত প্রকল্পসমূহ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকল সংস্থা এবং তাদের সমাপ্ত ও চলমান প্রকল্পের হালনাগাদ অবস্থা জানার জন্য সভা করা।<br><br>০১। ক) ডিএমটিসিএল এর চলমান এমআরটি লাইন-৬ প্রকল্পের নির্মাণাধীন স্টেশনসমূহের সাথে অন্যান্য ট্রান্সপোর্ট মোডের সমন্বয়। তাছাড়া এমআরটি লাইন-১ ও এমআরটি লাইন-৫ (নর্থ ও সাউথ) এর কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা সভা। | ডিএমটিসিএল এর চলমান এমআরটি লাইন-৬ প্রকল্পের নির্মাণাধীন স্টেশনসমূহের সাথে অন্যান্য ট্রান্সপোর্ট মোডের সমন্বয় কার্যক্রমের উপর আলোচনার জন্য গত ২৮ নভেম্বর, ২০২২ খ্রিঃ ডিটিসিএ সম্মেলন কক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, ডিএমপি, ডিএনসিসি, ডিএসসিসি, সওজ, বিআরটিএ, রাজউক, বিআরটিসি, ডিএমটিসিএল ও ডিটিসিএ'র সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় এমআরটি লাইন-৬ মেট্রোরেলের রাইডারশিপ বৃদ্ধির জন্য এক্সেসিবিলিটি নিশ্চিতের বিষয়ে আলোচনা হয়। সভায় বিআরটিসি কর্তৃক শাটল বাস সার্ভিস প্রদানসহ ফুটপাত সংস্কার ও অন্যান্য বিষয়ে কার্যকরী আলোচনা হয়। |
| | | ০১। খ) বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ (বিবিএ) কর্তৃক বাস্তবায়নাধীন ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে ও ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে'র বাস্তবায়ন অগ্রগতি ও অন্যান্য প্রকল্পের সাথে সমন্বয় বিষয়ক সভা। | বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ (বিবিএ) কর্তৃক বাস্তবায়নাধীন ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে ও ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে'র বাস্তবায়ন অগ্রগতি ও অন্যান্য প্রকল্পের সাথে সমন্বয়ের বিষয়ে আলোচনার জন্য গত ৫ মার্চ, ২০২৩ খ্রিঃ ডিটিসিএ সভা কক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ডিএমপি, হাইওয়ে পুলিশ, ডিএনসিসি, ডিএসসিসি, ডিটিসিএ ও অন্যান্য সংশ্লিষ্ট সংস্থার কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় ঢাকা আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে ও ফার্স্ট ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্প নিজেদের মধ্যে সমন্বয়ের মাধ্যমে র‍্যাম্প শিফট এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ, সকল র‍্যাম্পসমূহের উঠা ও নামার ক্ষেত্রে ট্রাফিক সার্কুলেশন প্ল্যান ও প্রয়োজনীয় ক্ষেত্রে ত্রিমাত্রিক ট্রাফিক সার্কুলেশন এনিমেশন ডিটিসিএ-তে উপস্থাপন এবং বাংলাদেশ রেলওয়ে ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সাথে সমন্বয়ের মাধ্যমে অন্যান্য সাংঘর্ষিক বিষয়ে ডিটিসিএ'র মাধ্যমে ডিজাইন চূড়ান্ত করে বাস্তবায়ন কার্যক্রম এগিয়ে নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। |

| ক্রম | বিষয় | কর্মপরিকল্পনা | বাস্তবায়নে অগ্রগতি |
|---|---|---|---|
| | | ০১। গ) সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক রিং রোডের চলমান উন্নয়ন প্রকল্প এবং চলমান সমীক্ষা প্রকল্পের হালনাগাদ অগ্রগতি নিয়ে আলোচনা সভা । | |
| ০২ | আরএসটিপি বাস্তবায়ন আগ্রগতি সরেজমিনে পরিদর্শন | সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক রিং রোডের চলমান উন্নয়ন প্রকল্প এবং চলমান সমীক্ষা প্রকল্পের এলাইনমেন্ট ও হালনাগাদ বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন।<br><br><u>পরিদর্শন টিমঃ</u><br>▪ অতিরিক্ত নির্বাহী পরিচালক (টিএমপিটিআই)<br>▪ ট্রান্সপোর্ট প্ল্যানার<br>▪ ট্রাফিক ইঞ্জিনিয়ার<br>▪ আরবান প্ল্যানার<br>▪ ডেপুটি ট্রান্সপোর্ট ইঞ্জিনিয়ার<br>▪ ডেপুটি আরবান প্ল্যানার<br>▪ ডেপুটি ম্যাস ট্রানজিট ইঞ্জিনিয়ার (বিআরটি)<br>▪ সহকারী জিআইএস এনালিস্ট | ডিটিসিএ'র আওতায় বাস্তবায়নাধীন "Feasibility Study on Dhaka Outer Ring Road: Eastern, Western and Northern Part" শীর্ষক প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি) সভার সিদ্ধান্ত অনুসারে বর্ণিত প্রকল্পের এলাইনমেন্ট সরেজমিনে পরিদর্শন করে পর্যালোচনার নিমিত্ত সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সওজ, রাজউক, পরামর্শক ও প্রকল্প পরিচালকের সমন্বয়ে ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠনের নির্দেশনা দেয়া হয়। উক্ত কমিটি প্রকল্প এলাকা তথা প্রস্তাবিত ঢাকা আউটার রিং রোড এর এলাইনমেন্ট সরেজমিনে পরিদর্শন করে প্রস্তাবিত এলাইনমেন্টের বর্তমান অবস্থা ও এর যথার্থতা যাচাই করে প্রতিবেদন পেশ করেন।<br><br>উক্ত কমিটি সরেজমিনে পরিদর্শন করে নিম্নবর্ণিত বিষয়সমূহ সুপারিশ করেন:<br>১. ঢাকা আউটার রিং রোডের এলাইনমেন্ট নির্ধারণে সংরক্ষিত জলাধার, বনাঞ্চল ইত্যাদি যথাসম্ভব পরিহার করতে হবে।<br>২. এলাইনমেন্ট নির্ধারণে যথাসম্ভব বিল্ডআপ এলাকা পরিহার করতে হবে যাতে প্রকল্পের বাস্তবায়ন ব্যয় যৌক্তিক হয়।<br>৩. আউটার রিং রোডের নির্মাণ ব্যয় যথাসম্ভব কম রাখতে অধিক মূল্যবান জমি অধিগ্রহণের চেয়ে অপেক্ষাকৃত কম মূল্যের জমি অধিগ্রহণের বিষয়টি বিবেচনায় নিতে হবে।<br>৪. আউটার রিং রোডের এলাইনমেন্ট যথাসম্ভব মিডল রিং রোড হতে যৌক্তিকভাবে পর্যাপ্ত দূরত্ব বজায় রেখে নির্ধারণ করতে হবে।<br>৫. ফিজিবিলিটি স্টাডি সম্পন্ন হওয়ার পরপরই জিওবি অর্থায়নে ভূমি অধিগ্রহণ কার্যক্রম শুরু করতে হবে এবং জিওবি অর্থায়নে ফেজ বাই ফেজ প্রকল্প বাস্তবায়নের কাজ সম্পাদন করা যেতে পারে। |

## ১৬। ট্রাফিক ম্যানেজমেন্ট কমিটি


২০২২-২৩ অর্থবছরে ট্রাফিক ম্যানেজমেন্ট কমিটির ০২টি সভা অনুষ্ঠিত হয়েছে। এ সকল সভায় ঢাকা মহানগরীর ইন্টারসেকশনসমূহের ব্যবস্থাপনা উন্নয়ন, ফুটপাতের অবৈধ দখল মুক্তকরণ, অবৈধ যানবাহন চলাচল বন্ধে অগ্রগতি, ব্লক ভিত্তিক রিক্সা চলাচলের অগ্রগতি, সিগন্যালিং সিস্টেম স্থাপন, উন্নয়ন প্রকল্প চলাকালীন এবং ইউটিলিটি সার্ভিস স্থাপন ও মেরামতকালীন সময়ে ট্রাফিক ব্যবস্থাপনা, ঢাকা মহানগরীর সার্বিক ট্রাফিক ব্যবস্থাপনা, পরিবহন সেক্টর হতে উদ্ভূত পরিবেশ দূষণ ইত্যাদি বিষয়ে সকল অংশীজনের সাথে আলোচনা করা হয় এবং ডিটিসিএ'র পক্ষ হতে এ সকল তথ্যাদি ও প্রতিবেদন সংরক্ষণ করা হয়। টিএমসি কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পরিবীক্ষণের জন্য একটি টিম গঠন করা হয়েছে। উক্ত টিম বিভিন্ন সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য সরেজমিনে পরিদর্শন করে থাকেন।

## ১৭। জাতীয় শুদ্ধাচার কৌশল

সোনার বাংলা গড়ার প্রত্যয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল' শিরোনামে ডিটিসিএ'র শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ অর্থবছরের নির্ধারিত কর্মপরিকল্পনার সকল কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। ২০২২-২০২৩ অর্থ-বছরে শুদ্ধাচার চর্চার জন্য ডিটিসিএ'র ০৭ (সাত) জন কর্মচারিকে পুরস্কার প্রদান করা হয়েছে। শুদ্ধাচার বিষয়ে ডিটিসিএ'র শ্লোগান হল "সুপরিকল্পিত পরিবহন ব্যবস্থা টেকসই উন্নয়নের পূর্বশর্ত।"

## ১৮। র‍্যাপিড পাস

গণপরিবহনের সমন্বিত ই-টিকেটিং (One Card for all Transport) ব্যবস্থা প্রবর্তণ ও ভাড়া আদায়ের লক্ষ্যে ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ কর্তৃক স্মার্ট কার্ড Rapid pass প্রচলন করা হয়েছে। জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (জাইকা) এর কারিগরি সহযোগীতার Automatic Fare Collection System প্রচলন ও Fare Collection System Integration করার লক্ষ্যে ডিটিসিএ-তে Clearing House স্থাপন করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ০৪ জানুয়ারি ২০১৮ তারিখে Rapid Pass কার্ড উদ্বোধন করেন। Rapid Pass ব্যবহার করে বিভিন্ন পরিবহন মাধ্যম যেমন-মেট্রোরেল, বাস র‍্যাপিড ট্রানজিট, বাংলাদেশ রেলওয়ে, বিআইডব্লিউটিসি'র নৌ-যান, সরকারি ও বেসরকারি বাসে স্বচ্ছন্দ্যে ও নিরবিচ্ছিন্নভাবে যাতায়াত করতে পারবে। সে লক্ষ্যে ক্লিয়ারিং হাউজ ফেইজ-২ প্রকল্প গ্রহণ করা হয়েছে। ক্লিয়ারিং হাউজ এর মাধ্যমে মেট্রোরেল লাইন-৬ এর ভাড়া আদায় ও সেটেলমেন্ট এর লক্ষ্যে গত ২৬ অক্টোবর, ২০১৯ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ), ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এবং জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (জাইকা) মধ্যে Revised Memorandum of Understanding (RMoU) স্বাক্ষরিত হয়। গত ১৬ মার্চ ২০২২ তারিখে ডিএমটিসিএল-কে ৭০০টি Secure Access Module (SAM) হস্তান্তর করা হয়। মেট্রোরেল লাইন-৬ এর সাথে ক্লিয়ারিং হাউজ ইন্টিগ্রেশন এর কার্যক্রম সম্পন্ন হয়েছে। মেট্রোরেল লাইন-৬ চালুর প্রথম দিন থেকে Rapid Pass কার্ড এবং Rapid Pass কার্ডের স্পেসিফিকেশন অনুসারে তৈরী MRT পাস কার্ড এর মাধ্যমে মেট্রোরেল এর ভাড়া আদায় করা হচ্ছে যা ডিটিসিএ ক্লিয়ারিং হাউজ সিস্টেমের মাধ্যমে সেটেলমেন্ট করা হচ্ছে।




চিত্রঃ এমআরটি লাইন-৬ এর Rapid Pass কার্ড এর রিচার্জ এবং AFC গেট এ ব্যবহার।

গত ০৬ মার্চ ২০২৩ তারিখে ক্লিয়ারিং হাউজ Operation & Maintenance এর নিমিত্ত Synesis IT Limited এর সাথে চুক্তিপত্র স্বাক্ষরিত হয়। চুক্তিস্বাক্ষর অনুষ্ঠান ডিটিসিএ'র সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ প্রধান অতিথি হিসেবে উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।




চিত্রঃ ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) এবং Synesis IT Ltd এর সাথে চুক্তিস্বাক্ষর অনুষ্ঠান।

একটি টেকসই (Sustainable) ই-টিকেটিং সিস্টেম প্রতিষ্ঠার লক্ষ্যে ভবিষ্যতে Transport Clearing House পরিচালনা, সম্প্রসারন এবং Rapid Pass কার্ড এর বহুবিধ ব্যবহার (ইউটিলিটি বিল পরিশোধ, টোল পরিশোধ, সুপার মার্কেটের ব্যবহার ছাত্র-ছাত্রীদের বেতন পরিশোধ ইত্যাদি) বৃদ্ধির লক্ষ্যে ক্লিয়ারিং হাউজ প্রকল্প ফেইজ-২ এর আওতায় Special Purpose Company (SPC) গঠনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ভবিষ্যতে বিভিন্ন MRT লাইনসহ, রেলওয়ে, BIWTC, সরকারি/বেসরকারি বাস ইত্যাদি গণপরিবহন সমূহকে একটি সুষ্ঠু সমন্বিত ই-টিকেটিং প্লাটফর্মে নিয়ে আসা সম্ভব হবে। গণপরিবহনে ইউজারগণ র‍্যাপিড পাস ব্যবহার করে ঝামেলা বিহীন, ক্যাশলেস ট্রানজেকশন এর মাধ্যমে পরিবহনের ভাড়া পরিশোধ করতে পারবে। ফলে পরিবহন ক্ষেত্রে সেবা প্রদানের মান উন্নয়ন হবে। তাছাড়া Rapid Pass কার্ড এর মাধ্যমে ভাড়া আদায় এর ফলে যে Origination-Destination (OD), Big Data তৈরি হবে তা ব্যবহার করে বাস্তবসম্মত, কৌশলগত Urban Transport পরিবহন পরিকল্পনা করা সম্ভব হবে।

## ১৯। ট্রাফিক সচেতনতামূলক প্রচার অভিযান:

### (১) জনসচেতনতামূলক প্রচারণা

### ট্রাফিক আইন সম্পর্কে স্কুল শিক্ষার্থীদের মধ্যে সচেতনতা :

শিক্ষা প্রতিষ্ঠানে সড়ক দূর্ঘটনা প্রতিরোধ এবং সড়ক নিরাপত্তা নিশ্চিতকরণ এবং ট্রাফিক আইন-কানুন সম্পর্কে জনসচেতনতা তৈরীর লক্ষ্যে রাজধানীর স্কুলে ডিটিসিএ সচেতনতামূলক প্রোগ্রাম আয়োজন করেছে। কাকরাইলস্থ উইলস লিটলস ফ্লাওয়ার স্কুল এবং নারিন্দা সরকারি উচ্চ বিদ্যালয়। এ ছাড়া ঢাকার প্রধান প্রধান স্কুলের শিক্ষকদের নিয়ে সভা করে ট্রাফিক আইন এর গুরুত্ব তুলে ধরা হয় এবং শিক্ষার্থীদের সচেতন করার কৌশল নিয়ে আলোচনা করা হয়।




চিত্র: কাকরাইলস্থ উইলস লিটলস ফ্লাওয়ার স্কুলে ছাত্র-ছাত্রী, শিক্ষক ও অভিভাবকদের ট্রাফিক সচেতনতা বিষয়ে কর্মশালা।



চিত্র: কাকরাইলস্থ উইলস লিটলস ফ্লাওয়ার স্কুলে ছাত্র-ছাত্রী, শিক্ষক ও অভিভাবকদের ট্রাফিক সচেতনতা বিষয়ে কর্মশালা।




চিত্রঃ ট্রাফিক আইন ও সড়ক ব্যবহারে সচেতনতা সৃষ্টি




চিত্রঃ ট্রাফিক আইন সম্পর্কে স্কুল শিক্ষার্থীদের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিতরণকৃত লিফলেট

## ২০। চলমান প্রকল্প (২০২২-২০২৩)

## ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীভুক্ত প্রকল্পসমূহ:

| ক্রমিক নং | প্রকল্পের নাম ও মেয়াদ | অগ্রগতি |
|---|---|---|
| ১ | ঢাকা ইন্টিগ্রেটেড ট্রাফিক ম্যানেজমেন্ট প্রজেক্ট (জুলাই, ২০১৫ হতে জুন, ২০২২) | |
| ২ | মিড টার্ম রিভিউ এন্ড আপডেটিং অব রিভাইজড স্ট্রাটেজিক ট্রান্সপোর্ট প্ল্যান (এমটিআর-আরএসটিপি) ফর ঢাকা (ডিসেম্বর, ২০২১ থেকে মে, ২০২৪) | প্রকল্পের কাজ চলমান |
| ৩ | এস্টাব্লিশমেন্ট অব ক্লিয়ারিং হাউজ ফর ইন্টিগ্রেটিং ট্রান্সপোর্ট টিকেটিং সিস্টেম ইন ঢাকা সিটি এন্ড এডযাচেন্ট ডিসট্রিক্টস (ফেজ-২) (জুলাই, ২০২১ থেকে জুন, ২০২৪) | প্রকল্পের কাজ চলমান |
| ৪ | প্রিপারেশন অব কনসেপ্ট ডিজাইন এন্ড ইমপ্লিমেন্টেশন প্ল্যান ফর বাস রুট র‌্যাশনালাইজেশন এন্ড কোম্পানি বেজড অপারেশন অব বাস সার্ভিস ইন ঢাকা (মার্চ ২০২০ থেকে ডিসেম্বর ২০২৪) | প্রকল্পের কাজ চলমান |
| ৫ | ফিজিবিলিটি স্টাডি অন ঢাকা আউটার রিং রোডঃ ইস্টার্ন, ওয়েস্টার্ন, নর্দান পার্ট প্রকল্প। (জুলাই, ২০২০ থেকে ডিসেম্বর, ২০২৩) | প্রকল্পের কাজ চলমান |
| ৬ | প্রিপারেশন অব কম্প্রিহেন্সিভ ট্রান্সপোর্ট মাস্টার প্ল্যান ফর নারায়ণগঞ্জ এন্ড গাজীপুর সিটি কর্পোরেশন। (সেপ্টেম্বর, ২০২১ হতে আগস্ট, ২০২৪) | প্রকল্পের কাজ চলমান |

### ০১। ঢাকা ইন্টিগ্রেটেড ট্রাফিক ম্যানেজমেন্ট প্রজেক্ট

ঢাকা মহানগরীর ট্রাফিক ব্যবস্থাপনার উন্নয়ন এবং স্বয়ংক্রিয় ট্রাফিক নিয়ন্ত্রণ ব্যবস্থা চালু করার নিমিত্ত জাইকার কারিগরি সহায়তায় ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) কর্তৃক বাস্তবায়নাধীন "ঢাকা ইন্টিগ্রেটেড ট্রাফিক ম্যানেজমেন্ট প্রজেক্ট" শীর্ষক প্রকল্পের অধীনে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের গুলশান-১ ও মহাখালী ইন্টারসেকশনে ভৌত অবকাঠামো উন্নয়নমূলক কাজসহ ইন্টেলিজেন্ট ট্রান্সপোর্টেশন সিস্টেম চালিত সিগনাল স্থাপনের কাজ সমাপ্ত হয়।

পরামর্শক সেবার মাধ্যমে Image সার্ভার স্থাপন জন্য প্রকল্পের টিএপিপি'র আন্তঃঅঙ্গ ব্যয় সংশোধন করা হয়। বিভিন্ন সংস্থার কাজের দ্বারা সাইটে স্থাপিত ক্যাবল নেটওয়ার্ক ও সরঞ্জাম ক্ষতিগ্রস্ত হওয়ায় প্রকল্পের কার্যক্রম বিলম্ব হয়। পরবর্তীতে সার্ভার স্থাপন, ক্যাবল সংযোগ পুনঃস্থাপন, অযান্ত্রিক যানবাহন নিয়ন্ত্রণ ইত্যাদি নিয়ে অংশীজনদের (ডিএনসিসি,

ডিএসসিসি ও ডিএমপি) মতানৈক্যের কারণে প্রকল্পটি অসমাপ্ত রেখে সমাপ্ত করে অবশিষ্ট কাজ সিটি কর্পোরেশন কর্তৃক গৃহীত সিগন্যালিং প্রকল্পের সাথে সমন্বয় করার বিষয়টি বিবেচনাধীন রয়েছে।

## ০২। Mid-term Review and Updating of Revised Strategic Transport Plan for DTCA Area (MTR-RSTP)

Mid-term Review and Updating of Revised Strategic Transport Plan for DTCA Area (MTR-RSTP) প্রকল্পটি Asian Development Bank (ADB)'র কারিগরি সহায়তায় বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের অধীন বিভিন্ন ধরনের জরিপ হতে প্রাপ্ত তথ্য পর্যালোচনার মাধ্যমে ট্রান্সপোর্ট ডিমান্ড মডেল প্রস্তুত করা হবে এবং কৌশলগত পরিবহন পরিকল্পনা হালনাগাদ (Strategic Transport Plan) হালনাগাদ করা হবে।

উন্নয়ন সহযোগী কর্তৃক পরামর্শক নিয়োগ করা হয়েছে। পরামর্শক প্রতিষ্ঠান Inception Report ও Interim Report-1 দাখিল করেছেন। বর্তমানে প্রকল্পের অধীনে বিভিন্ন জরিপ কার্যক্রম চলমান রয়েছে। প্রকল্পের মেয়াদ ডিসেম্বর, ২০২১ হতে মে ২০২৪ পর্যন্ত নির্ধারিত রয়েছে।



চিত্র : Household Interview Survey সরজমিনে পরিদর্শন



চিত্র : Household Interview Survey সরজমিনে পরিদর্শন




চিত্র : MRT-RSTP প্রকল্পের Household Interview Survey-র জরিপকারীদের প্রশিক্ষণ

## ৩। "Establishment of Clearing House for Integrating Transport Ticketing System in Dhaka City and Adjacent Districts (Phase-II)"

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ কর্তৃক জিওবি এবং JICA এর আর্থিক ও কারিগরি সহায়তায় বাস্তবায়নাধীন "Establishment of Clearing House for Integrating Transport Ticketing System in Dhaka City and Adjacent Districts (Phase-II)" শীর্ষক প্রকল্পের TAPP গত ১৩ জানুয়ারি, ২০২২ তারিখে পরিকল্পনা মন্ত্রণালয় হতে অনুমোদিত হয়। গত ১৩ ফেব্রুয়ারি, ২০২২ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ হতে প্রকল্পের প্রশাসনিক আদেশ জারি হয়। প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ৮৩৮৭.১০ লক্ষ টাকা। যার মধ্যে জিওবি অর্থায়ন ৫৩৯৯.৫৬ লক্ষ টাকা এবং জাইকা অর্থায়ন ২৯৮৭.৫৪ লক্ষ টাকা।

ইতোমধ্যে, প্রকল্পের আওতায় ডিটিসিএ'র ক্লিয়ারিং হাউজ সিস্টেমের সাথে মেট্রোরেল লাইন-৬ এর সিস্টেম ইন্টিগ্রেশন সম্পন্ন হয়েছে। Rapid Pass/MRT Pass কার্ড এর মাধ্যমে মেট্রোরেল লাইন-৬ এর ভাড়া আদায় করা হচ্ছে এবং ডিটিসিএ'র ক্লিয়ারিং হাউজ সিস্টেমের মাধ্যমে মেট্রোরেল লাইন-৬ এর আদায়কৃত ভাড়া সেটেলমেন্ট করা হচ্ছে। Rapid Pass কার্ড এর মাধ্যমে বিআরটিসি বাস, ডিবিআরটি এবং অন্যান্য বেসরকারি বাসের ভাড়া আদায় এবং সেটেলমেন্ট করা হবে। ইতোমধ্যে ডিবিআরটি-র সাথে ভাড়া আদায় এবং সেটেলমেন্টের লক্ষ্যে MoU স্বাক্ষরিত হয়েছে।

বিভিন্ন গণপরিবহনে যাত্রীগণ Rapid Pass ব্যবহার করে ঝামেলা বিহীন, Cashless Transaction এর মাধ্যমে ভাড়া পরিশোধ করতে পারবেন। ভবিষ্যতে Rapid Pass কার্ড টোল আদায় এবং পার্কিং ফি প্রদানের ব্যবস্থাসহ বিভিন্ন দ্রব্যসামগ্রী ক্রয়ের কাজেও ব্যবহার করা যাবে। তাছাড়া Rapid Pass কার্ড এর মাধ্যমে ভাড়া আদায় এর ফলে যে Origination ও Destination (OD), OD Data তৈরি হবে তা ব্যবহার করে বাস্তবসম্মত ও কৌশলগত Urban Transport পরিকল্পনা করা সহজ হবে। ফলশ্রুতিতে পরিবহন সেক্টরে ডিজিটাল সেবা প্রদানের মান উন্নয়ন হবে ও 'স্মার্ট বাংলাদেশ ২০৪১' স্বপ্ন বাস্তবায়নে Rapid Pass উল্লেখযোগ্য ভূমিকা রাখবে।

গণপরিবহনের ভাড়া আদায় এবং অন্যান্য ব্যবহারের জন্য Rapid Pass এর বহুমুখী ব্যবহারসহ স্ব-নির্ভর ও যুগপোযোগী ক্লিয়ারিং হাউজ প্রতিষ্ঠার জন্য একটি Special Purpose Company (SPC) গঠনের কার্যক্রম চলমান রয়েছে। সে লক্ষ্যে ইতোমধ্যে ০৫টি প্রতিষ্ঠানকে সংক্ষিপ্ত তালিকাভুক্ত করা হয়েছে। খুব শীঘ্রই সংক্ষিপ্ত তালিকাভুক্ত ০৫ টি প্রতিষ্ঠানের অনুকূলে Request for Proposal (RFP) ইস্যু করা হবে।

প্রকল্পের সার্ভিস প্যাকেজ এর আওতায় গণপরিবহণের জন্য 'Bus Validator System' এবং 'Ticket Office Machine (ToM) System' ডেভেলপমেন্টের জন্য পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচনের জন্য আগ্রহব্যক্তকরণ পত্র (EoI) মূল্যায়নের কাজ চলমান রয়েছে। খুব শীঘ্রই সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রতিষ্ঠানসমূহে Request for Proposal (RFP) ইস্যু করা হবে। প্রকল্পের পন্য প্যাকেজ এর আওতায় 'Rapid Pass Card' ও 'Secure Access Module (SAM)' কার্ড ক্রয় কার্যক্রমের দরপত্র মূল্যায়ন সর্বশেষ পর্যায়ে রয়েছে। খুব শীঘ্রই নির্বাচিত প্রতিষ্ঠানকে চুক্তি সম্পাদানের নোটিশ (NoA) প্রদান করা হবে।

## ০৪। বাস রুট রেশনালাইজেশন:

স্থানীয় সরকার বিভাগের প্রজ্ঞাপন মারফত মাননীয় মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনকে আহবায়ক করে গত ০৯ সেপ্টেম্বর, ২০১৮ তারিখে ১০ সদস্য বিশিষ্ট 'ঢাকা মহানগরীতে গণপরিবহনে শৃঙ্খলা আনয়ন ও যানজট নিরসনে বাস রুট রেশনালাইজেশন ও কোম্পানীর মাধ্যমে বাস পরিচালনা পদ্ধতি প্রবর্তন এবং এ সংক্রান্ত কার্যক্রম সমন্বয় কমিটি' গঠন করা হয়। ডিটিসিএ এ কমিটির সাচিবিক দায়িত্ব পালন করে আসছে। ইতোমধ্যে কমিটি ২৭টি সভা করেছে এবং সর্বশেষ সভাটি অনুষ্ঠিত হয়েছে ০৯.০৫.২০২৩ তারিখ। এছাড়া নিয়মিত পর্যালোচনা সভা অনুষ্ঠিত হচ্ছে। ডিটিসিএ'র পরিদর্শন ও পরিবীক্ষন টিম নিয়মিতভাবে বাস রুট ফ্র্যাঞ্চাইজ পাইলট প্রক্রিয়া তদারকি করছে।

বাস রুট রেশনালাইজেশন

বাস রুট রেশনালাইজেশন বাস্তবায়নের লক্ষ্যে প্রাথমিকভাবে ৯টি ক্লাস্টার (৯টি ভিন্ন ভিন্ন রঙের), ২২টি কোম্পানী ও ৪২টি রুটের প্রস্তাবনা দেয়া হয়েছে। এর মাঝে আরবান ক্লাস্টার (নগর পরিবহন) ৬টি (রুট ৩৪টি) ও সাব-আরবান (শহরতলী পরিবহন) ক্লাস্টার ৩টি (রুট ৮টি)।

পাইলটিং কার্যক্রম

সবুজ ক্লাস্টারে বর্তমানে চলমান মোট ৫৪টি রুটকে সমন্বয় করে ৮টি রুটে পরিণত করা হয়েছে যাদের রুট নং ২১ হতে ২৮। উল্লিখিত কমিটির সিদ্ধান্ত অনুযায়ী গত ২৬.১২.২০২১ তারিখে ২১ নং রুটের ঘাটারচর-মোহাম্মদপুর-জিগাতলা-প্রেসক্লাব-মতিঝিল-যাত্রাবাড়ী-কাঁচপুর নমুনা যাত্রাপথে "ঢাকা নগর পরিবহন" শীর্ষক বাস সেবা মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় কর্তৃক শুভ উদ্বোধন করা হয়। উক্ত সেবায় প্রাথমিকভাবে বিআরটিসির প্রায় ৪০টি দ্বিতল বাস চলাচল করছে।

মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় কর্তৃক গত ১৩.১০.২০২২ তারিখে বাস রুট ফ্র্যাঞ্চাইজ পাইলটিং-এর ২২ নং (ঘাটারচর-মোহাম্মদপুর-আসাদগেট-ফার্মগেট-শাহবাগ-কাকরাইল-মতিঝিল-টিকাটুলি-কাজলা-ডেমরা স্টাফ কোয়ার্টার) ও ২৬ নং (ঘাটারচর-মোহাম্মদপুর-আসাদগেট-কলাবাগান-সায়েন্সল্যাব-নিউমার্কেট-আজিমপুর-চানখারপুল-পোস্তগোলা-কদমতলী থানা) দুইটি রুটে 'ঢাকা নগর পরিবহন' শীর্ষক সবুজ রঙের বাস সেবা উদ্বোধন করা হয়েছে এবং এই কার্যক্রমে জনগণ বিপুল উৎসাহ উদ্দীপনার সাথে সাড়া প্রদান করেছে।






চিত্রঃ “ঢাকা নগর পরিবহন” এর ২২ ও ২৬ নং বাস রুট পাইলটিং এর শুভ উদ্বোধন অনুষ্ঠান

২২ নং রুটে অভি মোটরর্স কর্তৃক পরিচালিত ৫০টি ও ২৬ নং রুটে বিআরটিসি কর্তৃক পরিচালিত ৫০টি দ্বিতল বাস চলছে। পরবর্তীতে, ২৩ নং রুটে (ঘাটারচর-মোহাম্মদপুর-জাপান গার্ডেন-শ্যামলী-সায়েন্সল্যাব-শাহবাগ-জিরো পয়েন্ট-

দৈনিক বাংলা-রাজারবাগ-কমলাপুর-ধলপুর-শনির আখড়া-সাইনবোর্ড-কাঁচপুর) ১০০টি বাস চলাচল করবে মর্মে বাস রুট রেশনালাইজেশন কমিটি কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

এরপরে ২৪ নং (ঘাটারচর-মোহাম্মদপুর বাস স্ট্যান্ড-জাপান গার্ডেন সিটি-শ্যামলী-শিশুমেলা-আগারগাও-শেওড়াপাড়া-কাজীপাড়া-মিরপুর-১০-পল্লবী-কালশী-জিল্লুর রহমান উড়াল সড়ক-খিলক্ষেত-বিমানবন্দর-উত্তরা হাউজ বিল্ডিং-দিয়াবাড়ি) ও ২৫ নং (ঘাটারচর-মোহাম্মদপুর বাস স্ট্যান্ড-আসাদগেট-খামারবাড়ি-বিজয় সরণী-জাহাঙ্গীর গেট-মহাখালি-কাকলী-খিলক্ষেত-বিমানবন্দর-উত্তরা হাউজ বিল্ডিং-দিয়াবাড়ি) রুট রুইটি চালু করা হবে। এ লক্ষ্যে ০১.০৩.২০২৩ তারিখে ৩টি জাতীয় দৈনিকে গণবিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। পরবর্তীতে, এ বছরের (২০২৩) মাঝেই ২৭ ও ২৮ নং রুট দুইটি চালু করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। গত ১৬.০৬.২০২৩ তারিখে ৩টি জাতীয় দৈনিকে এ সংক্রান্ত গণবিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে।

এ কার্যক্রমের অংশ হিসেবে প্রায় ৭০টি বাস স্টপেজ তৈরি করা হয়েছে এবং ১টি লে-ওভার টার্মিনাল (ঘাটারচর) নির্মাণের লক্ষ্যে জমি অধিগ্রহণের কার্যক্রম চলমান রয়েছে।

**০৫। ফিজিবিলিটি স্টাডি অন ঢাকা আউটার রিং রোডঃ ইষ্টার্ন, ওয়েষ্টার্ন এন্ড নর্দান পার্ট প্রকল্পঃ**

প্রকল্পের প্রধান উদ্দেশ্য ঢাকা আউটার রিং রোডের ইষ্টার্ন, ওয়েষ্টার্ন এন্ড নর্দান অংশের সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন করা। সম্ভাব্যতা সমীক্ষার মাধ্যমে আউটার রিং রোডের এলাইনমেন্ট নির্ধারণ।

এ সমীক্ষা প্রকল্পের আওতায় নিম্নবর্ণিত কার্য সম্পাদিত হবে:

- ট্রান্সপোর্ট স্টাডি ও প্রয়োজনীয় সার্ভে কার্যক্রম
- রোট ফিজিবিলিটি সমীক্ষা
- প্রাথমিক নকশা: করিডোর এলাইনমেন্ট, টার্মিনাল এবং লজিস্টিক সেন্টারের অবস্থান, অ্যাক্সেস সড়ক,
- ভূমি অধিগ্রহণ এবং পুনর্বাসন পরিকল্পনা,
- অর্থনৈতিক ও আর্থিক মূল্যায়ন প্রতিবেদন, প্রাথমিক পরিবেশগত মূল্যায়ন (আইইই) প্রতিবেদন,
- উন্নয়ন প্রকল্প ব্যয় প্রাক্কলন

এই প্রকল্পের মেয়াদ জুলাই, ২০২০ খ্রি. হতে ডিসেম্বর, ২০২৩ (সংশোধিত) পর্যন্ত।  প্রকল্পটি গত ১৬.০৭.২০২০ তারিখে মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ গত ২৪.০৮.২০২০ তারিখে প্রশাসনিক আদেশ জারি করেন। প্রকল্পটি মোট প্রাক্কলিত ব্যয় ১৬০৩.০০ লক্ষ টাকা, যা সম্পূর্ন জিওবি অর্থায়ন। গত ২২ শে আগষ্ট, ২০২২ এ ডিটিসিএ এর সহিত পরামর্শক সংস্থা ACE-BCL JV এর সহিত চুক্তি স্বাক্ষরিত হয়। বর্তমানে পরামর্শক সংস্থা কর্তৃক সমীক্ষা কার্যক্রম চলমান আছে।



চিত্রঃ প্রকল্পের চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান

## ৬. প্রিপারেশন অফ কম্প্রিহেন্সিভ ট্রান্সপোর্ট মাস্টার প্ল্যান ফর নারায়ণগঞ্জ এন্ড গাজীপুর সিটি কর্পোরেশন

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) এর অধীন বাস্তবায়নাধীন "Preparation of Comprehensive Transport Master Plan For Narayanganj and Gazipur City Corporation" শীর্ষক প্রকল্পটি কর্তৃক গত ১০.১১.২০২১খ্রি: তারিখ অনুমোদিত হয়। গত ১২.১২.২০২১ তারিখে সড়ক পরিবহন ও সহাসড়ক বিভাগ হতে প্রশাসনিক আদেশ জারি করা হয়। প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ৪১৬১.৭৯ (একচল্লিশ কোটি একষট্টি লক্ষ উনআশি হাজার) টাকা যা সম্পূর্ণ জিওবি অর্থায়ন। প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদকাল প্রাথমিকভাবে সেপ্টেম্বর ২০২১ হতে আগস্ট, ২০২৩ পর্যন্ত ছিল পরবর্তীতে ১২ মাস বৃদ্ধি করে আগস্ট, ২০২৪ পর্যন্ত বর্ধিত করা হয়েছে। প্রকল্পটি দুটি প্যাকেজে ভাগ করা হয়েছে S1 ও S2 প্যাকেজ।

- S1 প্যাকেজে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের জন্য ট্রান্সপোর্ট মাষ্টার প্ল্যান, ম্যাস ট্র্যান্সিট এর ফিজিবিলিটি স্টাডি ও মালটি মোডাল হাব এর কন্সেপচুয়াল ডিজাইন তৈরি করার লক্ষ্যে গত ২৩ মার্চ ২০২৩খ্রি: তারিখে Consulting Service Provider (Firm) প্রতিষ্ঠান ACE Consultant Ltd. (Lead Firm) ও তার সহযোগী প্রতিষ্ঠান এর সহিত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়। এরপর গত ০৭ মে, ২০২৩ খ্রি: তারিখে পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক Monthly Progress Report জমা করেন এবং গত ০৮ মে, ২০২৩ খ্রি: তারিখে পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক Inception Report (Draft) জমা হয়। গত ২৮ মে, ২০২৩ খ্রি: তারিখে Inception Report (Draft) এর উপর Advisory Group Member এবং DTCA এর প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে সভা অনুষ্ঠিত হয়।




চিত্রঃ S1 *প্যাকেজের পরামর্শক প্রতিষ্ঠান এর সহিত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান।*

Inception Report (Draft) *এর উপর গত ১৭ জুলাই, ২০২৩ খ্রি: তারিখে নারায়নগঞ্জ সিটি কর্পোরেশনের সম্মেলন কক্ষে একটি কর্মশালা অনুষ্ঠিত হয়* এবং প্রকল্পের সার্ভে সহ অন্যান্য কাজ চলমান রয়েছে।




চিত্র: S1 প্যাকেজের Inception Report (Draft) এর উপর নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন সম্মেলন কক্ষে কর্মশালা অনুষ্ঠান।

- S2 প্যাকেজে গাজীপুর সিটি কর্পোরেশনের জন্য ট্রান্সপোর্ট মাষ্টার প্ল্যান, ম্যাস ট্রান্সিট সিস্টেম এর প্রি ফিজিবিলিটি স্টাডি ও ট্রাক টার্মিনাল এর ফিজিবিলিটি স্টাডি ও কন্সেপচুয়াল ডিজাইন তৈরি করার লক্ষ্যে গত ০৫ জুলাই, ২০২৩ তারিখে Consulting Service Provider (Firm) প্রতিষ্ঠান Development Design Consultants Limited (Lead Firm) ও তার সহযোগী প্রতিষ্ঠান এর সহিত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়। এরপর গত ২১ আগষ্ট, ২০২৩খ্রি: তারিখে Kick-off Meeting অনুষ্ঠিত হয়। ইতোমধ্যে পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক Monthly Progress Report জমা করা হয়েছে এবং Inception Report (Draft) এর কাজ চলমান রয়েছে।




চিত্র: S2 প্যাকেজের পরামর্শক প্রতিষ্ঠান এর সহিত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান।

## ২১। নতুন প্রকল্প

| ক্রমিক নং | প্রকল্পের নাম | অগ্রগতি |
|---|---|---|
| ০১ | ট্রান্সপোর্ট মাস্টার প্ল্যান এন্ড প্রিলিমিনারী ফিজিবিলিটি স্টাডি ফর আরবান মেট্রোরেল ট্রানজিট কন্সট্রাকশন অফ চট্টগ্রাম মেট্রোপলিটন এরিয়া | প্রকল্পের সেকেন্ডারী ডাটা সংগ্রহের কাজ চলমান আছে। |

**ট্রান্সপোর্ট মাস্টার প্ল্যান এন্ড প্রিলিমিনারী ফিজিবিলিটি স্টাডি ফর আরবান মেট্রোরেল ট্রানজিট কন্সট্রাকশন অফ চট্টগ্রাম মেট্রোপলিটন এরিয়া:**

প্রকল্পটির প্রাক্কলিত মূল্য ৭০৬২.৫৮ লক্ষ টাকা ( জিওবি ১৩৬২.৫৮ লক্ষ টাকা এবং পিএ (কোইকা) ৫৭০০.০০ লক্ষ টাকা)। এই প্রকল্পের মূল উদ্দেশ্য চট্টগ্রাম মেট্রোপলিটন এরিয়ার পরিবহন মাস্টার প্ল্যান তৈরি করা, পরিবেশবান্ধব আরবান মেট্রো সিস্টেম নির্মাণের মাধ্যমে চট্টগ্রামের নাগরিকদের জন্য যানজট কমানো, পরিবেশ এবং জীবনযাত্রার মান উন্নয়ন এবং সড়ক ও যানবাহন ব্যবস্থাপনার ক্ষেত্রে ডিটিসিএ, সিডিএ, সিসিসি এবং সিপিএ এর প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি করা। প্রকল্পের অনুমোদিত মেয়াদ জানুয়ারি, ২০২৩ থেকে জুন, ২০২৫ পর্যন্ত।

উক্ত প্রকল্পের Inauguration Ceremony গত ৩১ জানুয়ারি ২০২৩ তারিখে চট্রগ্রামস্থ Radisson Blue হোটেলে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ওবায়দুল কাদের এমপি প্রধান অতিথি হিসেবে ঢাকা থেকে অনলাইনে সংযুক্ত ছিলেন। প্রকল্পের বৈদেশিক সহায়তাকারী সংস্থা KOICA ইতোমধ্যে উক্ত প্রকল্পের Consultancy Service এর আওতায় Consultant Firm নিয়োগ করেছে। বিভিন্ন ধরণের ডাটা কালেকশন ও সার্ভের কাজ শুরু হয়েছে।




ছবি-১: ৩১ জানুয়ারি ২০২৩ তারিখে চট্রগ্রামস্থ Radisson Blue হোটেলে অনুষ্ঠিত প্রকল্পের Inauguration Ceremony




ছবি-২: ৩১ জানুয়ারি ২০২৩ তারিখে চট্টগ্রামস্থ Radisson Blue হোটেলে অনুষ্ঠিত প্রকল্পের Inauguration Ceremony

## ২২। গণশুনানী

ঢাকা মহানগরীর পরিবহন ব্যবস্থাকে সুষ্ঠু, পরিকল্পিত, সমন্বিত ও আধুনিকীকরণ করার লক্ষ্যে ঢাকা, নারায়নগঞ্জ, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, গাজীপুর এবং নরসিংদী জেলাকে অন্তর্ভূক্ত করে ২০১২ সনের ৮নং আইনের মাধ্যমে ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) আইন-২০১২ প্রতিষ্ঠা করা হয়। উক্ত আইনের ধারা (৯) এর উপধারা (চ) অনুসারে– কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) এর অধিভূক্ত এলাকায় বহুতল ভবন নির্মাণ ও আবাসিক প্রকল্প গ্রহণের পূর্বে ডিটিসিএ হতে যানবাহন প্রবেশ-নির্গমন ও চলাচল (Traffic Circulation) সংক্রান্ত নকশা অনুমোদন ও ছাড়পত্র গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে। ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের আওতাধীন এলাকায় বহুতল ভবন ও আবাসন প্রকল্পের ট্রাফিক সার্কুলেশন ছাড়পত্র প্রদানের গাইডলাইন ওয়েব সাইটে প্রদান করা হয়েছে। বর্তমানে অনলাইনে ট্রাফিক সার্কুলেশন ছাড়পত্রের জন্যে ডিটিসিএ'র ওয়েবসাইট (www.dtca.gov.bd) এর "সেবাসমূহ" বক্স হতে "ট্রাফিক সার্কুলেশন সংক্রান্ত গাইডলাইন" অনুসরণ করে "অনলাইনে ট্রাফিক সার্কুলেশন সংক্রান্ত ছাড়পত্রের জন্য আবেদন" এর মাধ্যমে সরাসরি আবেদন করা যায়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**
**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**
**ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)**
ডিটিসিএ ভবন, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
ওয়েব সাইট: www.dtca.gov.bd

স্মারক নং-৩৫.০২.০০০০.০১২.৩২.০০৫.২২- ৫৭ তারিখঃ ১৪/০৬/২০২৩

### "ট্রাফিক সার্কুলেশন সেবা"-বিষয়ক গণশুনানীতে অংশগ্রহণের বিজ্ঞপ্তি

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ আইন, ২০১২ এর আওতায় ডিটিসিএ অধিভুক্ত এলাকায় পরিবহন ব্যবস্থাকে সুষ্ঠু, পরিকল্পিত, সমন্বিত ও আধুনিকীকরণ করার লক্ষ্যে ঢাকা, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, গাজীপুর এবং নরসিংদী জেলাকে অন্তর্ভুক্ত করে 'ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)' প্রতিষ্ঠা করা হয়। ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ আইন-২০১২ এর ধারা (৯) এর উপধারা (চ) অনুসারে– কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) এর অধিভুক্ত অলাকায় বহুতল ভবন নির্মাণ ও আবাসিক প্রকল্প গ্রহণের পূর্বে ডিটিসিএ হতে যানবাহন প্রবেশ-নির্গমন ও চলাচল (Traffic Circulation) সংক্রান্ত নকশা অনুমোদন ও ছাড়পত্র গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে।

বর্তমানে অনলাইনে ট্রাফিক সার্কুলেশন ছাড়পত্রের জন্যে ডিটিসিএ'র ওয়েবসাইট (www.dtca.gov.bd) এর "সেবাসমূহ" বক্স হতে সরাসরি আবেদন করা যায় এবং অনলাইনে আবেদনের প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত ব্যবহার নির্দেশিকা ও ট্রাফিক সার্কুলেশন ছাড়পত্র প্রদানের গাইডলাইন উক্ত ওয়েবসাইটে পাওয়া যায়।

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের আওতাধীন এলাকায় বহুতল ভবন ও আবাসন প্রকল্পের ট্রাফিক সার্কুলেশন ছাড়পত্র প্রদানের গাইডলাইন এবং অনলাইনে ট্রাফিক সার্কুলেশন সেবা প্রদানের প্রক্রিয়া সম্পর্কে আগামী ১৯ জুন, ২০২৩ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় ডিটিসিএ সভাকক্ষে গণশুনানির আয়োজন করা হয়েছে। উক্ত গণশুনানিতে অনলাইনে অংশগ্রহণ করা যাবে (Zoom meeting ID. 84086922235, Pass code. 2023)।

**(সাবিহা পারভীন)**
নির্বাহী পরিচালক
ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ

**ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ**

স্থানীয় সরকার বিভাগের প্রজ্ঞাপন মারফত মাননীয় মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনকে আহবায়ক করে গত ৯ সেপ্টেম্বর ২০১৮ তারিখে ১০ সদস্য বিশিষ্ট 'ঢাকা মহানগরীতে গণপরিবহনে শৃঙ্খলা আনয়ন ও যানজট নিরসনে বাস রুট রেশনালাইজেশন ও কোম্পানীর মাধ্যমে বাস পরিচালনা পদ্ধতি প্রবর্তন এবং এ সংক্রান্ত কার্যক্রম সমন্বয় কমিটি' গঠন করা হয়। ডিটিসিএ এ কমিটির সাচিবিক দায়িত্ব পালন করে আসছে ও এ পর্যন্ত কমিটির ২৭টি সভা অনুষ্ঠিত হয়েছে। এছাড়া নিয়মিতভাবে এ সংক্রান্ত পর্যালোচনা সভা অনুষ্ঠিত হচ্ছে এবং ডিটিসিএ'র পরিদর্শন ও পরিবীক্ষন টিম বাস রুট ফ্র্যাঞ্চাইজ পাইলট প্রক্রিয়া তদারকি করছে।

বাস রুট রেশনালাইজেশন বাস্তবায়নের লক্ষ্যে প্রাথমিকভাবে ৯টি ক্লাস্টার (৯টি ভিন্ন ভিন্ন রঙের), ২২টি কোম্পানী ও ৪২টি রুটের প্রস্তাবনা দেয়া হয়েছে। এর মাঝে আরবান ক্লাস্টার (নগর পরিবহন) ৬টি (রুট ৩৪টি) ও সাব-আরবান (শহরতলী পরিবহন) ক্লাস্টার ৩টি (রুট ৮টি)। সবুজ ক্লাস্টারে বর্তমানে চলমান মোট ৫৪টি রুটকে সমন্বয় করে ৮টি রুটে পরিণত করা হয়েছে যাদের রুট নং ২১ হতে ২৮। গত ২৬.১২.২০২১ তারিখ ২১ নং এবং ১৩.১০.২০২২ তারিখে ২২ ও ২৬ নং রুটে "ঢাকা নগর পরিবহন" শীর্ষক সবুজ রঙের বাস সেবা মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় কর্তৃক শুভ উদ্বোধন করা হয়। এই কার্যক্রমে জনগণ বিপুল উৎসাহ উদ্দীপনার সাথে সাড়া প্রদান করেছে। এ প্রেক্ষাপটে, বাস রুট রেশনাইলাজেশন বিষয়ে বিভিন্ন স্টেকহোল্ডারের সুচিন্তিত পরামর্শ ও মতামত গ্রহণের নিমিত্ত **গত ২৬ জুন, ২০২৩ তারিখ সোমবার সকাল ১১:০০ ঘটিকায় ডিটিসিএ সভাকক্ষে** গণশুনানী অনুষ্ঠিত হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
**ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)**
ডিটিসিএ ভবন, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
ওয়েব সাইট : www.dtca.gov.bd

**স্মারক নং-৩৫.০২.০০০০.০০৮.২৯.০০১.২৩-১৫৪** **তারিখঃ ১৩/০৬/২০২৩**

# গণশুনানী

স্থানীয় সরকার বিভাগের প্রজ্ঞাপন মারফত মাননীয় মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনকে আহবায়ক করে গত ৯ সেপ্টেম্বর ২০১৮ তারিখে ১০ সদস্য বিশিষ্ট 'ঢাকা মহানগরীতে গণপরিবহনে শৃঙ্খলা আনয়ন ও যানজট নিরসনে বাস রুট রেশনালাইজেশন ও কোম্পানীর মাধ্যমে বাস পরিচালনা পদ্ধতি প্রবর্তন এবং এ সংক্রান্ত কার্যক্রম সমন্বয় কমিটি' গঠন করা হয়। ডিটিসিএ এ কমিটির সাচিবিক দায়িত্ব পালন করে আসছে ও এ পর্যন্ত কমিটির ২৭টি সভা অনুষ্ঠিত হয়েছে। এছাড়া নিয়মিতভাবে এ সংক্রান্ত পর্যালোচনা সভা অনুষ্ঠিত হচ্ছে এবং ডিটিসিএ'র পরিদর্শন ও পরিবীক্ষন টিম বাস রুট ফ্র্যাঞ্চাইজ পাইলট প্রক্রিয়া তদারকি করছে।

বাস রুট রেশনালাইজেশন বাস্তবায়নের লক্ষ্যে প্রাথমিকভাবে ৯টি ক্লাস্টার (৯টি ভিন্ন ভিন্ন রঙের), ২২টি কোম্পানী ও ৪২টি রুটের প্রস্তাবনা দেয়া হয়েছে। এর মাঝে আরবান ক্লাস্টার (নগর পরিবহন) ৬টি (রুট ৩৪টি) ও সাব-আরবান (শহরতলী পরিবহন) ক্লাস্টার ৩টি (রুট ৮টি)। সবুজ ক্লাস্টারে বর্তমানে চলমান মোট ৫৪টি রুটকে সমন্বয় করে ৮টি রুটে পরিণত করা হয়েছে যাদের রুট নং ২১ হতে ২৮।

গত ২৬/১২/২০২১ তারিখ ২১ নং এবং ১৩/১০/২০২২ তারিখে ২২ ও ২৬ নং রুটে "ঢাকা নগর পরিবহন" শীর্ষক সবুজ রঙের বাস সেবা মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় কর্তৃক শুভ উদ্বোধন করা হয়। এই কার্যক্রমে জনগণ বিপুল উৎসাহ উদ্দীপনার সাথে সাড়া প্রদান করেছে।

এ প্রেক্ষাপটে, বাস রুট রেশনালাইজেশন বিষয়ে আপনার/আপনার প্রতিষ্ঠানের সুচিন্তিত পরামর্শ ও মতামত গ্রহণের নিমিত্ত **আগামী ২৬ জুন, ২০২৩ তারিখ সোমবার সকাল ১১:০০ ঘটিকায় ডিটিসিএ সভাকক্ষে** গণশুনানী অনুষ্ঠিত হবে।

উক্ত গণশুনানীতে অংশগ্রহণ করে মতামত/পরামর্শ প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে। এছাড়া, লিখিতভাবে মতামত/পরামর্শ dtp@dtca.gov.bd ইমেইলে প্রেরণ করা যাবে। গণশুনানী সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি ডিটিসিএ ওয়েবসাইটে (www.dtca.gov.bd) পাওয়া যাবে।

**নির্বাহী পরিচালক**
**ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ**

## ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ

## ২৩। ইনোভেশন

১) ডিটিসিএ'র স্মারক নং-৩৫.০২.০০০০.০০২.৯৯.০০৩.২২-৬৫৩ তারিখ: ১৯/১২/২০২২ খ্রি: অনুযায়ী নিম্নোক্ত ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম পরিচালনার জন্য নিম্নোক্ত টিমটি গঠন করা হয়:

| ক্রমিক নং | কর্মকর্তার নাম | কর্মকর্তার পদবী | ইনোভেশন টিমে অবস্থান |
|---|---|---|---|
| ১। | জনাব মোঃ নাজমুল হক | পরিচালক (প্রশাসন), ডিটিসিএ | ইনোভেশন অফিসার |
| ২। | কে. এম. তৌফিকুল হাসান | ডেপুটি ট্রান্সপোর্ট ইঞ্জিনিয়ার, ডিটিসিএ | সদস্য |
| ৩। | আবু তালহা মোঃ সাফওয়ান | প্রোগ্রামার, ডিটিসিএ | সদস্য |
| ৪। | রাশিদা সুলতানা | প্রোগ্রামার (ক্লিয়ারিং হাউস এডমিনিস্ট্রেটর), ডিটিসিএ | সদস্য |
| ৫। | সাদ্দাম হোসেন | সহকারী প্রোগ্রামার (ক্লিয়ারিং হাউস এডমিনিস্ট্রেটর), ডিটিসিএ | সদস্য |
| ৬। | মোঃ আসিফ আলী সিদ্দিকী | সহকারী জিআইএস এনালিস্ট, ডিটিসিএ | সদস্য |
| ৭। | ইয়াদ রহমান নির্ঝর | সহকারী আর্কিটেক্ট, ডিটিসিএ | সদস্য-সচিব |

২) গত ০৩/০৫/২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ১ (এক) টি উদ্ভাবনী ধারণা "র‍্যাপিড পাস নিবন্ধন প্রক্রিয়া সহজীকরণ" বাস্তবায়নের অফিস আদেশ জারি করা হয়েছে।

## সেবা সহজীকরন আইডিয়ার নামঃ র‍্যাপিড পাস নিবন্ধন প্রক্রিয়া সহজীকরণ

**প্রেক্ষাপট:**

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ৪ জানুয়ারি ২০১৮ সালে র‍্যাপিড পাস কার্ড সেবার উদ্বোধন করেন। বর্তমানে এই কার্ড ব্যবহার করে যাত্রীগণ “এমআরটি লাইন ৬” নামক মেট্রোরেলপথে যাতায়াত করতে পারে। ২১ জুন ২০২২ সালে আয়োজিত বাস রুট রেশনালাইজেশন কমিটির ২৩তম সভায় ঢাকার সব ধরনের পরিবহনে র‍্যাপিড পাসের ব্যবহার নিশ্চিত করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।

**সমস্যার বিবরণ:**

১। গ্রাহককে স্বশরীরে ডাচ বাংলা ব্যাংক এর ব্র্যাঞ্চ / সাব ব্র্যাঞ্চে গিয়ে Rapid Pass নিবন্ধন ফর্ম এর হার্ড কপি সংগ্রহ করতে হয় এবং তা পূরণ করে জমা দিতে হয়। ডাচ বাংলা ব্যাংকে গ্রাহকের পূরনকৃত ফর্মটি স্ক্যান করে ডিটিসিএ'র প্রদত্ত নির্দিষ্ট ইমেইল এ প্রেরণ করে। ডাচ বাংলা ব্যাংকের প্রেরিত গ্রাহকদের নিবন্ধনের স্ক্যানকপির তথ্য ক্লিয়ারিং হাউজ সিস্টেমে এন্ট্রি করতে হয়। বর্তমান পদ্ধতিটি সময়সাপেক্ষ এবং এতে গ্রাহকের একাধিকবার যাতায়াত করা লাগে।

২। নিবন্ধনের তথ্য সিস্টেমে এন্ট্রি দেয়ার জন্য অতিরিক্ত জনবলের প্রয়োজন হয়।

**সমাধান:**

১। র‍্যাপিড পাস কার্ড ক্রয় করতে ইচ্ছুক গ্রাহকগণ / যাত্রীগণ সহজেই www.rapidpass.com.bd ওয়েবসাইট এ গিয়ে Online Registration form পূরণ করার মাধ্যমে র‍্যাপিড পাস কার্ড নিবন্ধনের জন্য প্রয়োজনীয় তথ্য সরাসরি Clearing House System এ প্রদান করতে পারবে।

২। গ্রাহকের তথ্য সার্ভারে রক্ষিত থাকবে।

৩। গ্রাহকের মোবাইল Rapid Pass সংশ্লিষ্ট বিভিন্ন তথ্য sms আকারে প্রেরণ করা যাবে।

৪। গ্রাহকের কার্ড হারিয়ে গেলে অথবা Card ফেরত দেয়া হলে দ্রুত ব্যবস্থা গ্রহন করা যাবে।

৫। গ্রাহকের সময় ও খরচ বাঁচবে।




চিত্র: র‍্যাপিড পাস সংক্রান্ত ওয়েবসাইট ( www.rapidpass.com.bd)


| সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে বাস্তবায়িত ইনোভেশন আইডিয়ার নাম | ইনোভেশন আইডিয়া বাস্তবায়নের জন্য গঠিত ইনোভেশন টিম | ইনোভেশন টিমে অবস্থান |
|---|---|---|
| র‍্যাপিড পাস নিবন্ধন প্রক্রিয়া সহজীকরণ | **১। রাশিদা সুলতানা, প্রোগ্রামার (ক্লিয়ারিং হাউস এডমিনিস্ট্রেটর)** | **টিম লিডার** |
| | ২। মুকুল চন্দ্র মহন্ত প্রোগ্রামার (ডাটাবেজ) | সদস্য |
| | ৩। সাদ্দাম হোসেন সহকারী প্রোগ্রামার (ক্লিয়ারিং হাউজ এডমিনিস্ট্রেটর) | সদস্য |
| | ৪। ইয়াদ রহমান নির্ঝর, সহকারী আর্কিটেক্ট | সদস্য |

ছক ১: “র‍্যাপিড পাস নিবন্ধন প্রক্রিয়া” সেবা সহজীকরণ আইডিয়া বাস্তবায়নের জন্য গঠিত ইনোভেশন টিম।

| বিষয় | সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের পূর্বে | সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের পরে |
|---|---|---|
| **সময়** | ৫-৬ ঘন্টা | ১০ মিনিট |
| **ব্যয়** | ২০,৫০০ টাকা (ডাটা এন্ট্রি অপারেটর এর বেতন ও গ্রাহকের যাতায়াত বাবদ) | অর্থ ব্যয়ের প্রয়োজন নেই |
| **যাতায়াত** | ১-২ বার | যাতায়াত করার প্রয়োজন নেই |
| **সেবা প্রদানের পদ্ধতির ধাপ সংখ্যা** | ৬ | ৩ |

ছক ২: "র‍্যাপিড পাস নিবন্ধন প্রক্রিয়া" সেবা সহজীকরণ আইডিয়া বাস্তবায়নের পূর্বের ও পরের তুলনামূলক ছক।

| সেবা সহজীকরণের পূর্বের প্রসেস ম্যাপ | সেবা সহজীকরণের পরবর্তী প্রসেস ম্যাপ |
|---|---|




৩) ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুতকৃত ডাটাবেজ গত ১২.১০.২০২২ খ্রিষ্টাব্দ তারিখে ডিটিসিএ'র ওয়েবসাইটে সংযুক্ত করা হয়।

৪) ইতঃপূর্বে বাস্তবায়িত এবং চালুকৃত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ সর্বশেষ ০২.০৫.২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে হালনাগাদ করা হয়েছে।

৫) গত ৩০ অক্টোবর ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় একটি কর্মপরিকল্পনা সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হয়েছে।

৬) **৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা:**

গত ২ জানুয়ারি ২০২৩ তারিখে "Participation in the 4$^{th}$ Industrial Revolution (4IR): Work plan of Dhaka Transport Coordination Authority (DTCA)" শীর্ষক একটি কর্মশালা ডিটিসিএ'র নির্বাহী পরিচালক জনাব সাবিহা পারভীন এর সভাপতিত্বে ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) এর সভাকক্ষে অনুষ্ঠিত হয়। কর্মশালার আলোচক হিসেবে ছিলেন ডঃ এ বি এম আলিম আল ইসলাম, অধ্যাপক, কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল (সিইসি) বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) এবং জনাব ফয়সাল ইবনে রহমান, ট্রান্সপোর্ট মডেলার, এসিই

কনস্যালট্যান্টস লিমিটেড। কর্মশালার কী-নোট স্পিকার হিসেবে উপস্থাপনা প্রদান করেন ডিটিসিএ'র সহকারী আর্কিটেক্ট ও প্রকল্প ব্যবস্থাপক, প্রিপারেশন অফ কন্সেপ্ট ডিজাইন এন্ড ইমপ্লিমেন্টেশন প্ল্যান ফর বাস রুট রেশনালাইজেশন এন্ড কোম্পানী বেসড্ অপারেশন অফ বাস সার্ভিস ইন ঢাকা, জনাব ইয়াদ রহমান নির্ঝর।

কী-নোট স্পিকার বর্তমান সরকারের নির্বাচনী ইশিতেহার এবং বিভিন দপ্তর/সংস্থার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর আওতায় ৪র্থ শিল্প বিপ্লব সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নের বাধ্যবাধকতা সম্পর্কে উপস্থিত সকলকে অবহিত করেন। এছাড়াও তিনি বাংলাদেশের পরিবহন খাতে ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য প্রায়োগিক দিকসমূহ তুলে ধরেন। কী-নোট স্পিকার ডিটিসিএ-তে বর্তমানে চলমান বিভিন্ন প্রকল্প হতে প্রাপ্য সম্ভাব্য ডেটার একটি ছক উপস্থাপন করেন। Artificial Intelligence (AI), Machine Learning, IoT ইত্যাদি প্রযুক্তির সমন্বয়ে Big Data Management এর উদ্দেশ্যে ডিটিসিএ-তে একটি কেন্দ্রীয় ডেটাবেজ সেন্টার স্থাপনের প্রয়োজনীয়তা সম্পর্কে কী-নোট স্পিকার তাঁর বক্তব্য উপস্থাপন করেন। তিনি ডিটিসিএ-তে ট্রাফিক ডেটা সেন্টার স্থাপনের উদ্দেশ্য, সম্ভবনা, চ্যালেঞ্জ, সেবা প্রদান দ্রুত ও নিখুঁত করা, প্রয়োজনীয় জনবল ইত্যাদি বিষয়ে বিশদ বিবরণসহ ডিটিসিএ-র স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি সম্ভাব্য কর্মপরিকল্পনা সকলের নিকট উপস্থাপন করেন।

কর্মশালার উপস্থাপনা ও আলোচনা হতে নিম্নলিখিত সুপারিশসমূহ নির্ধারিত হয়ঃ

১। ডিটিসিএ-তে কেন্দ্রীয় ট্রাফিক ডেটা সেন্টার স্থাপনের পূর্বে চাহিদা অনুযায়ী ডেটা সেন্টারের কাঠামো প্রস্তুত করতে হবে।

২। ডেটা ভ্যালিডেশন এবং ডেটা প্রসেসিং এর কাজে ব্যবহৃত মডেল/প্রযুক্তিসমূহ বাংলাদেশের প্রেক্ষাপটে রুপান্তরের বিষয়টি নিশ্চিত করতে হবে।

৩। দেশের পরিবহন খাতের সামগ্রিক প্রেক্ষাপট বিবেচনায় নিয়ে কেন্দ্রীয় ট্রাফিক ডেটা সেন্টার স্থাপনে ৪র্থ শিল্প বিপ্লব সংশ্লিষ্ট বিভিন্ন প্রযুক্তি ব্যবহার করতে হবে।

৪। কেন্দ্রীয় ট্রাফিক ডেটা সেন্টার কর্তৃক সংগ্রহীত ডেটা সংরক্ষণে ক্লাউড নেটওয়ার্ক ব্যবহারের যৌক্তিকতা যাচাইয়ের বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে।



**আলোকচিত্র-১:** "Participation in the 4th Industrial Revolution (4IR): Work plan of Dhaka Transport Coordination Authority (DTCA)" শীর্ষক কর্মশালা



**আলোকচিত্র-১:** "Participation in the 4th Industrial Revolution (4IR): Work plan of Dhaka Transport Coordination Authority (DTCA)" শীর্ষক কর্মশালা

গত ০৪ জানুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় "Seminar on Digital Security" সেমিনারটি ডিটিসিএ'র নির্বাহী পরিচালক জনাব সাবিহা পারভীন এর সভাপতিত্বে ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) এর সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সেমিনারটির কী-নোট স্পিকার হিসেবে উপস্থাপনা প্রদান করেন ড. মোঃ সোহরাব হোসেন, অধ্যাপক, কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল (সিইসি), বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)।




**আলোকচিত্র-৩:** “Seminar on Digital Security” শীর্ষক সেমিনার।




**আলোকচিত্র-৪:** “Seminar on Digital Security” শীর্ষক সেমিনার।

৭) প্রথম, দ্বিতীয় ও তৃতীয় ও চতুর্থ ত্রৈমাসিকে তথ্য বাতায়ন হালনাগাদ করা হয়েছে।

**৮) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ:**

ক) গত ২৮ আগস্ট, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে ডিটিসিএ'র বাস্তবায়িত উদ্ভাবনী ধারণার সাথে সম্পর্কিত "Training on Traffic Impact (TIA)" সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করা হয় ডিটিসিএ'র সভাকক্ষে ।

খ) গত ৩০ আগস্ট, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে ডিটিসিএ'র সভাকক্ষে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের উদ্দেশ্যে "ই-নথি" সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করা হয়।

গ) গত ২৭ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে ডিটিসিএ'র সভাকক্ষে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের উদ্দেশ্যে "ডি-নথি" সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করা হয়।

ঘ) গত ১৭ এপ্রিল, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে ডিটিসিএ'র সভাকক্ষে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের উদ্দেশ্যে "পাবলিক সার্ভিস অন ইনোভেশন" সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করা হয়।

৯) কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন গত ০৫.০১.২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হয়েছে।

**১০) দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শন:**

২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর লক্ষ্যমাত্রা অর্জনে ডিটিসিএ'র ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর [২.২.৫] নং কার্যক্রম: দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন করার লক্ষ্যে গত ২৮ মে, ২০২৩ তারিখে ডিটিসিএ'র ইনোভেশন টিমের সদস্যগণ কেন্দ্রীয় প্রশিক্ষণ ইন্সটিটিউট, গাজীপুর কর্তৃক বাস্তবায়িত ২ টি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন করে। পরিদর্শন টিমটির নেতৃত্বে ছিলেন ডিটিসিএ'র ইনোভেশন টিমের টিমলিডার ও পরিচালক (প্রশাসন) জনাব মোঃ নাজমুল হক। কেন্দ্রীয় প্রশিক্ষণ ইন্সটিটিউট, গাজীপুর এর জেনারেল ম্যানেজার


(আইসিডব্লিউএস) জনাব ফাতেমা বেগম বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগসমূহ সম্পর্কে বর্ণনা দেন এবং ইনোভেশন টিমের সদস্যদের উদ্যোগটির বাস্তবায়ন সম্পর্কিত নানাবিধ প্রশ্নের উত্তর দেন।




**চিত্র ১:** ডিটিসিএ'র ইনোভেশন টিম কর্তৃক কেন্দ্রীয় প্রশিক্ষণ ইন্সটিটিউট, গাজীপুর কর্তৃক বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগসমূহ পরিদর্শন

## ক. অনলাইনে ড্রাইভিং ট্রেনিং রেজিস্ট্রেশন প্রক্রিয়া:

